



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
গুলফেশী প্লাজা (৭ম তলা)  
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক  
বড় মগবাজার, রমনা  
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৩৭

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৩ বাংলা  
১২ মে ২০১৬ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা  
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান  
(সাময়িক অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানসহ)

**বিষয়ঃ মানিলভারিং প্রতিরোধ (সংশোধন) আইন, ২০১৫ এর বাস্তবায়ন প্রসংশো**

প্রিয় মহোদয়,

শীর্ষোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মানিলভারিং প্রতিরোধ (সংশোধন) আইন, ২০১৫ এর মাধ্যমে মানিলভারিং সংশ্লিষ্ট অপরাধসমূহের তদন্তকারী সংস্থা, রিপোর্ট প্রদানকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ও কেন্দ্রীয় সংস্থা হিসেবে বিএফআইইউ এর দায়-দায়িত্ব পুনঃনির্ধারিত/পরিবর্তিত হয়েছে। বিশেষকরে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ২৫ পর্যালোচনায় দেখা যায় যে, গ্রাহকের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ, গ্রাহকের হিসাব বন্ধ হলে বন্ধ হবার তারিখ হতে অন্যান্য ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত উক্ত হিসাবের লেনদেন সংক্রান্ত তথ্য সংরক্ষণ, উক্ত তথ্যাদি বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের চাহিদা মোতাবেক সময় সময় সরবরাহ এবং আইনের ধারা ২(য) এ সংজ্ঞায়িত কোন সন্দেহজনক লেনদেন বা লেনদেনের প্রচেষ্টা পরিলক্ষিত হলে তা স্ব-উদ্যোগে অবিলম্বে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটে রিপোর্ট করতে হবে। কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা নির্দেশনা লংঘন করলে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট বা রিপোর্ট প্রদানকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ উক্ত সংস্থাকে অন্যান্য ৫০ (পঞ্চাশ) হাজার টাকা এবং সর্বোচ্চ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত জরিমানা করার বিধান রাখা হয়েছে। এছাড়া আরোপিত জরিমানার অতিরিক্ত উক্ত সংস্থা বা সংস্থার কোন শাখা, সার্ভিস সেন্টার, বুথ বা এজেন্টের ব্যবসায়িক কার্যক্রমের অনুমতি বা লাইসেন্স বাতিল করার ক্ষমতা এবং ক্ষেত্রমত নিবন্ধনকারী বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে উক্ত সংস্থার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুযোগ রাখা হয়েছে। অধিকন্তু দায়-দায়িত্ব পরিপালনে রিপোর্ট প্রদানকারী সংস্থার ব্যর্থতার দায় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের উপরও বর্তাবে মর্মে বিধান করা হয়েছে।

বর্নিতাবস্থায় রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসাবে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ২৫ (সর্বশেষ সংশোধনী অনুযায়ী) এর নির্দেশনাসহ (কপি সংযুক্ত) এক্ষেত্রে প্রয়োজ্য সকল বিধি-বিধান যথাযথভাবে পরিপালনের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোশাররফ হোসেন খান)  
পরিচালক  
ফোনঃ ৮৩৩৩৬৩৬

অনুলিপি নং- ৫৩.০১.০০০০.০৯.০১.০০৩.২০১৬- ৪০০০ (১৬৭)

তারিখ: ৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।
৬. মহাব্যবস্থাপক, বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)  
উপ-পরিচালক  
ফোন: ৮৩১৫৭৯৯

মানিলাভারিং অপরাধ  
প্রতিরোধে রিপোর্ট  
প্রদানকারী সংস্থার  
দায়-দায়িত্ব

২৫। (১) মানিলাভারিং অপরাধ প্রতিরোধে রিপোর্ট প্রদানকারী সংস্থার নিম্নরূপ <sup>৪৫</sup>[ দায়-দায়িত্বসহ বিধি দ্বারা নির্ধারিত অন্যান্য দায়-দায়িত্ব থাকিবে, যথাঃ-

(ক) উহার গ্রাহকের হিসাব পরিচালনাকালে গ্রাহকের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করা;  
(খ) কোন গ্রাহকের হিসাব বন্ধ হইলে বন্ধ হইবার তারিখ হইতে অনূন ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত উক্ত <sup>৪৬</sup>[ হিসাব ও হিসাবের লেনদেন সংক্রান্ত তথ্য সংরক্ষণ করা;

(গ) দফা (ক) ও (খ) এর অধীন সংরক্ষিত তথ্যাদি <sup>৪৭</sup>[ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের। চাহিদা মোতাবেক, সময় সময়, সরবরাহ করা;

(ঘ) ধারা ২ (য) এ সংজ্ঞায়িত কোন সন্দেহজনক লেনদেন বা লেনদেনের প্রচেষ্টা পরিলক্ষিত হইলে স্ব-উদ্যোগে অবিলম্বে <sup>৪৮</sup>[ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটে 'সন্দেহজনক লেনদেন রিপোর্ট' করা।

(২) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে <sup>৪৯</sup>[ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট বা রিপোর্ট প্রদানকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ]-

(ক) উক্ত সংস্থাকে অনূন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা এবং সর্বোচ্চ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত জরিমানা করিতে পারিবে; এবং

(খ) দফা (ক) এর অধীন আরোপিত জরিমানার অতিরিক্ত উক্ত সংস্থা বা সংস্থার কোন শাখা, সার্ভিস সেন্টার, বুথ বা এজেন্টের ব্যবসায়িক কার্যক্রমের অনুমতি বা লাইসেন্স বাতিল করিতে পারিবে বা ক্ষেত্রমত, নিবন্ধনকারী বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে উক্ত সংস্থার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে বিষয়টি অবহিত করিবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন আরোপিত জরিমানার অর্থ <sup>৫০</sup>[ \*\*\*। রাষ্ট্রীয় কোষাগারে জমা করিবে।

<sup>৫১</sup>[ (৪) রিপোর্ট প্রদানকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তাহাদের বিদ্যমান তদারকি কার্যক্রমের অংশ হিসেবে উপ-ধারা (১) ও বিধি দ্বারা নির্ধারিত দায়-দায়িত্ব পরিপালন নিশ্চিত করিবে এবং

উপ-ধারা (১) ও বিধি দ্বারা নির্ধারিত দায়-দায়িত্ব পরিপালনে রিপোর্ট প্রদানকারী সংস্থার ব্যর্থতার দায় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের উপরও বর্তাইবে।

(৫) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা উপ-ধারা (১) এর বিধানসহ বিধি দ্বারা নির্ধারিত কোন বিধান লঙ্ঘন করিলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ উপ-ধারা (২) মোতাবেক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং এইরূপে গৃহীত ব্যবস্থা বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটকে অবিলম্বে অবহিত করিতে হইবে।

(৬) রিপোর্ট প্রদানকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তাহাদের তদারকি কার্যক্রম বা অন্য কোনভাবে এই আইনের অধীন সংঘটিত কোন অপরাধ সম্পর্কে অবহিত হইলে বা চিহ্নিত করিলে অবিলম্বে তাহা বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটকে অবহিত করিবে।।